গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
সিপি-৩ শাখা

জনপ্রশাসন মন্ত্রণালয়ের ইনোভেশন টিমের সভার কার্যবিবরণী।

| | |
|---|---|
| সভাপতি | মোঃ পারভেজ হাসান<br>যুগ্মসচিব |
| সভার তারিখ | ১৯ সেপ্টেম্বর, ২০২৪ |
| সভার সময় | বেলা ১১.৪৫ ঘটিকা। |
| স্থান | যুগ্মসচিব (সিপি), মহোদয়ের অফিস কক্ষ [ভবন নং-৭, নীচ তলা, কক্ষ নং-০৪] জনপ্রশাসন মন্ত্রণালয়। |
| উপস্থিতি | পরিশিষ্ট-'ক' |

সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম আরম্ভ করেন। তিনি সভার শুরুতে ই-গভর্ন্যান্সও উদ্ভাবনী কর্মপরিকল্পনা ২০২৩-২৪ সফলভাবে বাস্তবায়ন করার জন্য সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন। তিনি জানান যে, মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রণীত ই-গভর্ন্যান্সও উদ্ভাবনী কর্মপরিকল্পনা বাস্তবায়ন, জনপ্রশাসন মন্ত্রণালয়ের সমন্বয় সভার সিদ্ধান্ত মোতাবেক ইনোভেশন ব্যাংক গঠন এবং ২০২৪-২৫ অর্থবছরে জনপ্রশাসন মন্ত্রণালয়ের অনুকূলে উদ্ভাবনী খাতে বরাদ্দকৃত অর্থ ব্যয়ের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্তের জন্যই মূলতঃ এ সভা আহবান করা হয়েছে। তবে, সভায় এ সকল এজেন্ডার বাইরেও ইনোভেশন সংক্রান্ত অন্য যে কোনো বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ করা যেতে পারে। তিনি সভার আলোচ্যসূচি অনুযায়ী আলোচনা করার জন্য ইনোভেশন টিমের সদস্য সচিব ও সিনিয়র সহকারী সচিব, সিপি-৩ শাখা কে নির্দেশনা প্রদান করেন।

২। সদস্য সচিব সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে সভার কার্যক্রম পরিচালনা করেন। সভার আলোচনা ও সিদ্ধান্তসমূহ নিম্নরূপঃ

| ক্রঃ নং | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|
| ১. | ক) জনপ্রশাসন মন্ত্রণালয় ও এর আওতাধীন দপ্তর/সংস্থা/বিভাগসমূহে ইতঃপূর্বে উদ্ভাবিত/সহজিকৃত/ডিজিটাইজকৃত সেবাসমূহের ডাটাবেজ হালনাগাদকরণ ও সেবাসমূহ চলমান রাখাসহ হালনাগাদকৃত ডাটাবেজ, ওয়েবসাইটে আপলোডের স্ক্রিনশট এবং মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রদত্ত ছকে ত্রৈমাসিকভিত্তিতে প্রতিবেদন প্রেরণের বিষয়ে সভায় আলোচনা হয়। | ক) সংশ্লিষ্ট অনুবিভাগকে হালনাগাদকরণের জন্য পত্র প্রেরণ করা হয়েছে। ১ম ত্রৈমাসিকের হালনাগাদ রিপোর্ট পাওয়া গিয়েছে। অনুরূপভাবে, সকল ত্রৈমাসিকের তথ্য হালনাগাদ করে প্রতিবেদন প্রেরণ করার জন্য সিদ্ধান্ত গৃহিত হয়। |
| | খ) ই-ফাইলে নিষ্পত্তযোগ্য নথির তালিকা হতে ই-ফাইলে শতভাগ নোট নিষ্পত্তির বিষয়ে আলোচনা হয়। | খ) ই-ফাইলে নোট নিষ্পত্তির হার শতভাগ নিশ্চিত করতে হবে। |
| | গ) সদস্য সচিব জানান যে, জনপ্রশাসন মন্ত্রণালয়ের তথ্য বাতায়ন সর্বশেষ জারিকৃত গাইডলাইন অনুযায়ী পূনঃবিন্যাস্তকরণ করে মন্ত্রিপরিষদ বিভাগে প্রতিবেদন প্রেরণ করা হয়েছে। মন্ত্রণালয় এবং আওতাধীন দপ্তর/সংস্থার তথ্য বাতায়ন ত্রৈমাসিকভিত্তিতে হালনাগাদ করে মন্ত্রিপরিষদ বিভাগে প্রতিবেদন প্রেরণের বিষয়ে আলোচনা হয়। জনপ্রশাসন মন্ত্রণালয় ও দপ্তর/সংস্থার তথ্য বাতায়ন ১ম ত্রৈমাসিকে হালনাগাদ করার জন্য সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানানো হয়। | গ) মন্ত্রণালয় ও এর আওতাধীন দপ্তর/সংস্থার তথ্য বাতায়ন ত্রৈমাসিকভিত্তিতে হালনাগাদকরণ করে স্ক্রিণশটসহ যথাসময়ে প্রতিবেদন মন্ত্রিপিরষদ বিভাগে প্রেরণ করতে হবে। |

| | | |
|---|---|---|
| ২. | ক) মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক সিটিজেন চার্টারভুক্ত ন্যূনতম একটি সেবা সহজিকরণের মাধ্যমে উদ্ভাবনী ধারণা বাস্তবায়নের জন্য সিটিজেন চার্টারভুক্ত নূনতম একটি সেবা সহজিকরণের মাধ্যমে উদ্ভাবনী ধারণা বাস্তবায়নের প্রসেস ম্যাপ ও টিসিভি, তুলনামূলক বিশ্লেষণসহ অফিস আদেশের কপি মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের বিষয়ে আলোচনা হয়।<br><br>খ) এছাড়া, স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ বিষয়ক নূনতম একটি কুইক-উইন উদ্যোগ বাস্তবায়নের প্রসেস ম্যাপসহ উদ্যোগ বাস্তবায়নের বিস্তারিত রিপোর্ট, অফিস আদেশ এবং ওয়েব লিংক প্রেরণের বিষয়ে সভায় আলোচনা হয়। এ বিষয়ে পিএসিসি-তে পত্র প্রেরণ করা হয়েছে। | ক) এ বিষয়ে গত অর্থবছরের ন্যায় প্রশাসন অনুবিভাগের মাধ্যমে উদ্ভাবনী ধারণাটি বাস্তবায়ন করে আগামী ১৫.০৫.২০২৫ তারিখের মধ্যে প্রমাণকসহ মন্ত্রিপরিষদ বিভাগে প্রতিবেদন প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>খ) মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা স্বাপেক্ষে উদ্যোগটি বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহিত হয়। |
| ৩. | সদস্য সভাকে জানান যে, মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রণীত ই-গভর্নেন্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২৪-২৫ এবং সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা ২০২৪-২৫ অনুযায়ী মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক স্মার্ট বাংলাদেশ বির্নিমাণ সংক্রান্ত ৪টি স্তম্ভের আলোকে করণীয় নির্ধারণ বিষয়ক কর্মশালা/সেমিনার, দক্ষতা বৃদ্ধি বিষয়ক (সাইবার নিরাপত্তা/ আইটি অডিট/ ডাটা ম্যানেজমেন্ট ইত্যাদী), দেশে/ বিদেশে বাস্তবায়িত ন্যূনতম ১ টি উদ্ভাবনী উদ্যোগ পরিদর্শনের আলোকে নিজ দপ্তরে লার্নিং সেশন/ সেমিনারের আয়োজন, অনলাইন রিপোর্ট ম্যানেজমেন্ট সফটওয়্যার বাস্তবায়নে, মাইগভ প্লাটফর্মের মাধ্যমে ডিজিটাইজেশনযোগ্য সরকারি সেবা চিহ্নিতকরণ ও ডিজিটাইজেশনের কর্মশালা/সেমিনার আয়োজনের নির্দেশনা রয়েছে। এ সকল অনুষ্ঠান আয়োজনের বিষয়ে আলোচনা হয়।<br>এছাড়া জনপ্রশাসন মন্ত্রণালয়ের অধীন দপ্তর/ সংস্থা এবং বিভাগীয় পর্যায়ে আওতাধীন অফিসমূহের অংশগ্রহণে ন্যূনতম একটি ইনোভেশন প্রদর্শনী (শোকেসিং) এবং পরবর্তীতে উল্লিখিত দপ্তর/সংস্থা এবং বিভাগীয় পর্যায়ে নির্বাচিত শ্রেষ্ঠ উদ্ভাবনী উদ্যোগের সমন্বয়ে জাতীয় পর্যায়ে জনপ্রশাসন মন্ত্রণালয়ের উদ্যোগে নূনতম একটি ইনোভেশন প্রদর্শনী (শোকেসিং) আয়োজন করার নির্দেশনা রয়েছে।<br>ইতোমধ্যে সরকার পরিবর্তন হয়েছে। বর্তমান পরিস্থিতিতে ই-গভর্নেন্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২৪-২৫ সকল কার্যক্রম চলমান<br>থাকবে কিনা; সে বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনার জন্য পত্র<br>প্রেরণ করা হয়েছে | যেহেতু ইতোমধ্যে সরকার পরিবর্তন হয়েছে এবং উল্লিখিত প্রশিক্ষণ/সেমিনার/কর্মশালা/লার্ণিং সেশন/ইনোভেশন শোকেসিং আয়োজনে আর্থিক সংশ্লেষ রয়েছে সেহেতু মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনার আলোকে তা আয়োজনের বিষয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। |
| ৪. | এছাড়া অন্যান্য প্রয়োজনীয় ইনোভেশন ও ইনোভেশন ব্যাংক প্রণয়ন বিষয়ে আলোচনা হয়। | ইনোভেশন ব্যাংক প্রণয়ন করার সিদ্ধান্ত গৃহিত হয়। |

সভায় আর কোনো আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ পারভেজ হাসান

যুগ্মসচিব

স্মারক নম্বর: ০৫.০০.০০০০.১৯৭.০৯.০০১.২৪.১৩৫

তারিখ: ৭ আশ্বিন ১৪৩১
২২ সেপ্টেম্বর ২০২৪

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) উপসচিব, পরিকল্পনা-৩ শাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়

২) উপসচিব, শৃঙ্খলা-১ শাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়

৩) উপসচিব (অতিরিক্ত দায়িত্ব), প্রশাসন-১ শাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়

৪) উপসচিব, আইন-১ শাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়

৫) উপসচিব, পরিকল্পনা-১ শাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়

৬) উপসচিব, বাবাকো শাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়

৭) উপসচিব, বিধি-৪ শাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়

৮) সিনিয়র সহকারী সচিব, সওব্য-১ শাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়

৯) সিনিয়র সহকারী সচিব, প্রেষণ-১ শাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়

১০) সিনিয়র সিস্টেম এনালিস্ট, সিনিয়র সিস্টেম এনালিস্টের দপ্তর, জনপ্রশাসন মন্ত্রণালয়(কার্যবিবরণী ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)

১১) ব্যক্তিগত কর্মকর্তা, ক্যারিয়ার প্লানিং ও ট্রেনিং অনুবিভাগ, জনপ্রশাসন মন্ত্রণালয় (অতিরিক্ত সচিব সিপিটি মহোদয়ের সদয় অবগতির জন্য)

১২) ব্যক্তিগত কর্মকর্তা, সিপি অধিশাখা, জনপ্রশাসন মন্ত্রণালয় (যুগ্মসচিব সিপি অধিশাখা মহোদয়ের সদয় অবগতির জন্য)

মো: আনিছুর রহমান
সিনিয়র সহকারী সচিব